# তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য স্বাস্থ্যসেবা প্রক্রিয়ায় পরিবর্তন সংক্রান্ত একটি নির্দেশিকা



NYC HEALTH+ HOSPITALS

Bengali_10/2020

# ভূমিকা

NYC Health + Hospitals আমাদের রোগীদের শৈশব/কৈশোরকালীন চিকিৎসা থেকে প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ারে সাবলীলভাবে স্থানান্তরিত হতে সাহায্য করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা জানি যে একজন প্রাপ্তবয়স্ক হয়ে উঠা নানাবিধ পরিবর্তন সমৃদ্ধ উত্তেজনাকর কিন্তু মানসিক চাপপূর্ণ সময় হতে পারে, এবং আপনার শৈশব/কৈশোরকালীন কেয়ার টিমকে ছেড়ে আসাটা কঠিন হতে পারে। আপনার সেবা প্রদানকারীর সাথে আপনার সম্পর্ক কতটা গুরুত্বপূর্ণ এবং অর্থপূর্ণ হতে পারে তা আমরা অনুধাবন করতে পারি, আর সেকারণেই একটি সাবলীল স্থানান্তর প্রক্রিয়া অপরিহার্য। অনুগ্রহ করে জেনে রাখুন যে এই পথজুড়ে আপনাকে সাহায্য করার জন্য আমরা আপনার পাশে আছি।

আপনি একজন কিশোর-কিশোরী থেকে একজন প্রাপ্তবয়স্ক হয়ে উঠা এবং আরো বেশি দায়িত্ব গ্রহণ করার সাথে সাথে, সেবা প্রক্রিয়ার ট্রানজিশন সম্পর্কে জানাও গুরুত্বপূর্ণ। একজন শিশু হিসেবে আপনার স্বাস্থ্যসেবার ক্ষেত্রে সাধারণত আপনার বাবা বা মা অথবা অভিভাবক সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। একজন কিশোর বা কিশোরী হিসেবে আপনি আপনার স্বাস্থ্যসেবার ক্ষেত্রে আরো বেশি সিদ্ধান্ত নিতে পারেন এবং গোপনীয়তা বজায় রেখে কিছু সেবা চাওয়ার জন্য আপনার আইনসঙ্গত অনুমতি রয়েছে। এগুলো হলো আপনার সেবার দায়িত্ব গ্রহণের ক্ষেত্রে প্রথম কিছু পদক্ষেপ এবং আপনি শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা থেকে পুরোপুরিভাবে বের হয়ে আসলে কী প্রত্যাশা করতে পারেন সে সম্পর্কে এগুলো আপনাকে ধারণা দিতে পারে।

আপনার সেবার ক্ষেত্রে পরিবর্তনের এই যাত্রায় আপনাকে সহায়তা দিয়ে সাহায্য করার উদ্দেশ্য নিয়ে এই নির্দেশিকাটি তৈরি করা হয়েছে। আমরা আশা করছি এই নির্দেশিকাটি আপনাকে আপনার জীবনের পরবর্তী পদক্ষেপগুলো গ্রহণের প্রস্তুতি নেওয়ার সময় সাহায্য করবে।

# ট্রানজিশন অব কেয়ার বা সেবার ক্ষেত্রে পরিবর্তন

## ট্রানজিশন অব কেয়ার বা সেবার ক্ষেত্রে পরিবর্তন বলতে কী বোঝায়?

ট্রানজিশন অব কেয়ার হলো আপনাকে একজন প্রাপ্তবয়স্ক হিসেবে স্বাস্থ্যসেবা গ্রহণের জন্য প্রস্তুত করার প্রক্রিয়া, যা পরবর্তীতে শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা থেকে প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ারে স্থানান্তর হওয়ার দিকে নিয়ে যায়। যদি 18 বছর বয়সে আপনি নিজেই নিজের আইনি অভিভাবক হয়ে যান, তাহলে এই প্রক্রিয়ার অর্থ হলো আপনার নিজের স্বাস্থ্যসেবার চাহিদা আপনি কিভাবে পূরণ করবেন সে সম্পর্কে শেখা।

## ট্রানজিশন অব কেয়ার কেন গুরুত্বপূর্ণ?

আপনার বৃদ্ধির বর্তমান স্তরে আপনাকে সবচেয়ে ভালোভাবে সাহায্য করার জন্য একটি মেডিকেল কেয়ার টিম থাকা গুরুত্বপূর্ণ। শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারীরা শিশু ও কিশোর-কিশোরীদের সেবা প্রদানে বিশেষজ্ঞ কিন্তু প্রাপ্তবয়স্কদের সেবা প্রদানে প্রশিক্ষণপ্রাপ্ত নাও হতে পারেন। প্রাপ্তবয়স্কদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে বিশেষজ্ঞ এমন একটি প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার প্রোভাইডার টিম খুঁজে নেওয়ার জন্য আপনি আপনার শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারী কেয়ার টিমের সাথে কাজ করবেন। আপনার স্বাস্থ্যসেবার ক্ষেত্রে সেরা সিদ্ধান্ত গ্রহণ করতে আপনার প্রয়োজন হতে পারে এমন তথ্য ও সংস্থানসমূহ আপনাকে সরবরাহ করার জন্যেই রয়েছে ট্রানজিশন অব কেয়ার প্রক্রিয়া।

## সেবার স্থানান্তর কিভাবে শুরু হবে?

কোন বয়সে স্থানান্তর শুরু হবে তা প্রত্যেকের জন্য ভিন্ন ভিন্ন হতে পারে, কিন্তু এই স্থানান্তর একটি ভিজিটে একবারে হওয়ার চেয়ে সময়ের সাথে সাথে পর্যায়ক্রমে সম্পন্ন হওয়া গুরুত্বপূর্ণ। এই সময়ে, ছোট ছোট ধাপে আপনার নিজের স্বাস্থ্যসেবার চাহিদা পূরণের দায়িত্ব গ্রহণ শুরু করাটাই আদর্শ হবে। স্থানান্তর সম্পর্কে স্থানান্তরের সময়ের আগেই আলোচনা শুরু করা সেবা বিঘ্নিত না হওয়া এবং সাবলীলভাবে স্থানান্তর হওয়া নিশ্চিত করতে সাহায্য করতে পারে।

## স্থানান্তরের মধ্যে কী কী অন্তর্ভুক্ত থাকবে?

এই প্রক্রিয়াটি প্রত্যেকের জন্য ভিন্ন এবং আপনার শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারী কেয়ার টিমের সাথে সম্মিলিতভাবে করা হয়ে থাকে। যদি আপনি নিজেই আপনার অভিভাবকে পরিণত হন, তাহলে আপনার অভিভাবকের কাছ থেকে আপনার কাছে দায়িত্ব হস্তান্তর করা হবে। এর মধ্যে রয়েছে আপনার নিজের সেবার ক্ষেত্রে সম্মতি প্রদান, অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করা, আপনার সেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ করা, আপনার MyChart পেশেন্ট পোর্টালের জন্য সাইন-আপ করা, এবং আপনি নিজেই আপনার ওষুধের জন্য অনুরোধ জানানো এবং রিফিল সংগ্রহ করা।

# পার্থক্য কোথায়?

## শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কিভাবে প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার থেকে ভিন্ন?

শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা এবং প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ারের মধ্যে কিছু পার্থক্য রয়েছে, কিন্তু প্র্যাক্টিসের উপর ভিত্তি করে এর হেরফের হতে পারে। এই সম্ভাব্য পার্থক্যগুলো অনুধাবন করা গুরুত্বপূর্ণ যাতে আপনার জানা থাকে যে আপনি প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ারে স্থানান্তর হলে কী প্রত্যাশা করতে পারেন।

| | **শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবার প্র্যাক্টিস** | **প্রাপ্তবয়স্কদেরপ্রাইমারি কেয়ারের প্র্যাক্টিস** |
|---|---|---|
| **প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) এর ভূমিকা** | সাধারণত কিছু অসুস্থতার জন্য আরো মনোযোগ দিয়ে সেবা প্রদানের প্রয়োজন হলে PCP আপনার সেবার বিষয়টি বিশেষজ্ঞদের সাথে সমন্বয় করবে। | PCP সাধারণত কিছু দীর্ঘস্থায়ী অসুস্থতার সেবা দিয়ে থাকে কিন্তু প্রয়োজন হলে বিশেষজ্ঞদের কাছে রেফার করতে পারে। |
| **অ্যাপয়েন্টমেন্টের সময়** | অ্যাপয়েন্টমেন্টগুলো সাধারণত দীর্ঘ সময়ের জন্য হয়ে থাকে। সাধারণত আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য দেরি করে পৌঁছালে আপনাকে দেখার ক্ষেত্রে বেশি নমনীয়তা থাকে। | অ্যাপয়েন্টমেন্টগুলো সাধারণত অল্প সময়ের জন্য হয়ে থাকে। আপনি 30 মিনিটের চেয়ে বেশি দেরি করে পৌঁছালে আপনার পুনরায় অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার প্রয়োজন হতে পারে। |
| **সংস্থান** | প্র্যাক্টিসে অন্যান্য সহায়তা পরিষেবা যেমন সোশ্যাল ওয়ার্ক, সেবা সমন্বয় এবং মানসিক স্বাস্থ্য অন্তর্ভুক্ত থাকার **সম্ভাবনা বেশি থাকে**। আপনার PCP -এর প্রসূতি সেবা অথবা অন্যান্য প্রজননগত স্বাস্থ্যসেবা প্রদান করার সম্ভাবনা বেশি থাকে। | প্র্যাক্টিসে অন্যান্য সহায়তা পরিষেবা যেমন সোশ্যাল ওয়ার্ক, সেবা সমন্বয় এবং মানসিক স্বাস্থ্য অন্তর্ভুক্ত থাকার **সম্ভাবনা কম থাকে**। প্রসূতি সেবা অথবা অন্যান্য প্রজননগত স্বাস্থ্যসেবার জন্য আপনার PCP আপনাকে অন্য একজন সেবা প্রদানকারীর কাছে রেফার করতে পারেন। |

# প্রাইমারি কেয়ার প্রোভাইডার

## কে আমার নতুন প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) বাছাই করতে পারবেন?

অবশেষে, আপনার নতুন প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) কে হবেন সে বিষয়ে আপনি নিজেই সিদ্ধান্ত নিতে পারবেন। আপনি একটি PCP শনাক্ত করার পর, তার সাথে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নিন। আপনার বিমার উপর ভিত্তি করে, আপনি একটি নতুন PCP বেছে নিয়েছেন তা আপনার বিমা কোম্পানিকে জানানোর জন্য অ্যাপয়েন্টমেন্টের আগে আপনার ফোন করার প্রয়োজন হতে পারে। প্রয়োজন হলে এই প্রক্রিয়ায় আপনাকে সাহায্য করার জন্য আপনার শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কেয়ার টিম লভ্য থাকবে।

## আমি কিভাবে একটি প্রাইমারি কেয়ার প্রোভাইডার খুঁজে পাবো?

+ আত্মীয়-স্বজন অথবা বন্ধুদের কাছে পরামর্শ চান
+ আপনার কাছাকাছি জায়গায় ইন-নেটওয়ার্ক (নেটওয়ার্কের-আওতাভুক্ত) প্রোভাইডারদের একটি তালিকার জন্য আপনার বিমা কোম্পানির সাথে যোগাযোগ করুন
+ আপনার শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারী কেয়ার টিমের কাছে পরামর্শ চান। আপনার PCP এর সাহায্য নিয়ে একজন বিশেষজ্ঞ খুঁজে নেওয়ার ক্ষেত্রে আপনি এই ধাপগুলোও অনুসরণ করতে পারেন।



# আপনার যা জানা উচিত

## আমার বয়স 18 বছর হলে কী ঘটবে?

বিভিন্ন ব্যক্তির জন্য ট্রানজিশন অব কেয়ার সম্পর্কিত আলোচনা ভিন্ন ভিন্ন বয়সে শুরু হতে পারে, কিন্তু নিচে কিছু দায়িত্ব উল্লেখ করা হলো যেগুলো আপনার বয়স 18 বছর হলে আপনি গ্রহণ করবেন।* এই পরিবর্তনগুলো সম্পর্কে নার্ভাস বোধ করা স্বাভাবিক, কিন্তু আপনার কেয়ার টিম আপনাকে এই প্রক্রিয়ার ব্যাপারে সাহায্য করবে।

+ আপনি আইনত একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিতে পরিণত হবেন, যার অর্থ হলো আপনার স্বাস্থ্যসেবা সম্পর্কিত সব সিদ্ধান্তের জন্য আপনি দায়িত্ব নেবেন।
+ আপনার কেয়ার টিম আপনার কেয়ার প্ল্যান নিয়ে সরাসরি আপনার সাথে কথা বলবে এবং এটি নিয়ে আপনার মা-বাবা, পরিবারের কোনো সদস্য অথবা আস্থাভাজন কোনো ব্যক্তির সাথেও তারা আলোচনা করুক বলে আপনি চাইলে সে ব্যাপারে আপনার সম্মতি (অনুমতি) চাইবে।
+ আপনার স্বাস্থ্যসেবা সম্পর্কে কারা জানতে পারবেন সে সিদ্ধান্ত আপনি গ্রহণ করবেন। যদি আপনি মা-বাবা, পরিবারের সদস্য, স্কুল, নিয়োগকর্তা, থেরাপিস্ট অথবা অন্য কারো সাথে তথ্য শেয়ার করতে চান, তাহলে আপনি একটি রিলিজ ফরমে স্বাক্ষর করবেন যেখানে আপনি কোন তথ্যগুলো শেয়ার করতে চান এবং কার সাথে শেয়ার করতে চান তার বিবরণ থাকবে। আপনি যে কোনো সময়ে আপনার সিদ্ধান্ত বদলাতে পারবেন।
+ আপনার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা এবং অ্যাপয়েন্টমেন্ট রক্ষা করার জন্য আপনি দায়বদ্ধ থাকবেন।
+ আপনি নিজেই আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য চেক-ইন করবেন এবং আপনার নিজের ফরমগুলোতে স্বাক্ষর করবেন।
+ টেস্ট বা ল্যাবের ফলাফল এবং অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে আপনার কেয়ার টিম সরাসরি আপনার সাথে যোগাযোগ করবে।
+ আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনি আপনার বিমা কোম্পানির সাথে কথা বলবেন। আপনার বিমা কোম্পানি আপনার মা-বাবা অথবা পরিবারের কোনো সদস্যের সাথে কথা বলুক বলে আপনি চাইলে সে ব্যাপারে আপনাকে অনুমতি দিতে হবে।



* বিশেষ পরিস্থিতি ব্যতীত যখন কেউ আপনার আইনি অভিভাবকে পরিণত হতে পারেন

# আপনার যা জানা উচিত

## করণীয় কাজের তালিকা:

+ আপনার বিমা সম্পর্কিত তথ্য জানা। আপনার মা-বাবা অথবা একজন অভিভাবককে জিজ্ঞেস করা অথবা তার সাথে আলোচনা করার প্রয়োজন হতে পারে।
+ ফাইলে সংরক্ষিত ফোন নম্বর এবং ইমেইল আপডেট করা যাতে আপনার হেলথ কেয়ার টিম অ্যাপয়েন্টমেন্ট ও ফলাফলের ব্যাপারে সরাসরি আপনার সাথে যোগাযোগ করতে পারে।
+ আপনার ফোনে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর নম্বর সংরক্ষণ করা, যাতে আপনার হেলথ কেয়ার টিমের সাথে কিভাবে যোগাযোগ করতে হবে তা আপনার জানা থাকে।
+ আপনার মেডিকেল ইতিহাস, পরিবারের মেডিকেল ইতিহাস, ওষুধপত্র, অ্যালার্জি এবং কেয়ার টিমের সদস্যদের সাথে পরিচিত হওয়া। এই প্রক্রিয়ায় কিছুটা সময়ের প্রয়োজন হতে পারে।
+ MyChart নামক রোগীদের একটি পোর্টালে সাইন-আপ করা যেখানে আপনি সহজে আপনার মেডিকেল তথ্য অ্যাক্সেস করতে পারবেন, ফলাফল পর্যালোচনা করতে পারবেন এবং আপনার কেয়ার টিমকে মেসেজ পাঠাতে পারবেন। আপনার বয়স 18 বছর হয়ে গেলে আপনার MyChart-এ আপনার মা-বাবার অ্যাক্সেস স্বয়ংক্রিয়ভাবে শেষ হয়ে যাবে, কিন্তু আপনি চাইলে তাদেরকে আপনার প্রক্সি হিসেবে আপনার তথ্য দেখার অনুমতি দেয়ার অপশন আপনার থাকবে। আপনি এই ওয়েবসাইটে গিয়ে MyChart এর জন্য সাইন-আপ করতে পারবেন: **epicmychart.nychhc.org/mychart**
+ একজন স্বাস্থ্যসেবা প্রক্সি বেছে নেওয়ার ব্যাপারে চিন্তা-ভাবনা করা, আপনি নিজে কখনো সিদ্ধান্ত নিতে অক্ষম হলে আপনার হয়ে সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে যার উপর আপনি আস্থা রাখতে পারেন। এটি ঘটার একটি উদাহরণ হলো যদি আপনার চেতনানাশক ব্যবহার করে সার্জারি করা হয়। আরো জানতে **health.ny.gov/publications/1430.pdf** দেখুন



# প্রথম অ্যাপয়েন্টমেন্ট

## আপনার প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার-এর প্রথম অ্যাপয়েন্টমেন্টের সময় আপনাকে যা যা আনতে হবে:

+ পরিচয়পত্র (আইডি)
+ বিমার কার্ড বা তথ্য
+ ফোন বা নোটবুক (নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টগুলো আপনার ক্যালেন্ডারে লিখে রাখা অথবা নোট গ্রহণের জন্য কাজে লাগবে)
+ ওষুধের তালিকা বা বোতল (যদি আপনি কোনো ওষুধ গ্রহণ করেন)
+ অ্যালার্জির তালিকা (আপনার দেখা দিয়েছিল এমন যেকোনো সুনির্দিষ্ট প্রতিক্রিয়া সহ)
+ আপনার আগের PCP-এর কাছ থেকে মেডিকেল সারসংক্ষেপ (এটি ইলেক্ট্রনিকভাবে পাঠানো যেতে পারে)
+ আপনার পছন্দের ফার্মেসির ঠিকানা ও ফোন নম্বর
+ জিজ্ঞেস করতে চাওয়া প্রশ্নের তালিকা

## আপনার প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার-এর প্রথম ভিজিটের প্রস্তুতি নিতে যেসব বিষয় আপনাকে সাহায্য করবে:

+ MyChart-এ প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) হিসেবে আপনার বেছে নেওয়া PCP তালিকাভুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করুন।
+ আপনার নতুন PCP নেটওয়ার্কের-আওতাভুক্ত (ইন-নেটওয়ার্ক) আছে তা নিশ্চিত করতে আপনার বিমা কোম্পানিকে ফোন করুন।
+ আপনার প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার টিমের যোগাযোগের তথ্য যেমন ঠিকানা, ফোন নম্বর ও কর্মঘন্টা জেনে নিন।
+ আপনার শৈশব/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারী কেয়ার টিমকে আপনার নতুন প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার প্রোভাইডারের সাথে আপনার মেডিকেল তথ্য শেয়ার করতে বলুন।
+ যদি আপনার এখনো আপনার মা-বাবা অথবা অভিভাবকের মাধ্যমে বিমা থাকে, তাহলে তারা স্বাস্থ্যসেবার ভিজিট অথবা পরিষেবাসমূহ সম্পর্কে নোটিফিকেশন পেতে পারেন। আপনি নির্দিষ্ট কোনো ভিজিট বা পরিষেবা গোপন রাখতে চাইলে আপনার PCP-এর সাথে আলোচনা করুন।





## আপনার প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার-এর প্রথম অ্যাপয়েন্টমেন্টের সময় জিজ্ঞেস করার মতো কিছু প্রশ্ন:

- অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ, পুনঃনির্ধারণ বা বাতিল করার সেরা উপায়
- দেরিতে পৌঁছানো অথবা উপস্থিত না হওয়ার ক্ষেত্রে নীতিমালা
- একই দিনে, ওয়াক-ইন অথবা সিক ভিজিটের ব্যবস্থা আছে কিনা
- অফিস সময়ের বাইরে এবং আপনার প্রোভাইডার লভ্য না থাকার সময় কভারেজ
- প্রাইমারি কেয়ারের বাইরে লভ্য অন্যান্য পরিষেবা (যেমন সোশ্যাল ওয়ার্ক, মানসিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, প্রসূতি সেবা, পুষ্টি/সুস্থতা, ইত্যাদি)

## আপনার প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার-এর প্রথম অ্যাপয়েন্টমেন্টের জন্য কিছু পরামর্শ:

- কাগজপত্র পূরণ করার জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টের সময়ের কমপক্ষে 15 মিমিনিট আগে পৌঁছে যান
- খোলা মন নিয়ে আসুন
- আপনি কোনো কিছু বুঝতে না পারলে প্রশ্ন জিজ্ঞেস করুন
- আপনার নতুন প্র্যাক্টিসের সাথে নিজেকে পরিচিত করুন

# শব্দকোষ

**কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানকারী:** একজন প্রাইমারি কেয়ার প্রোভাইডার যিনি কিশোর-কিশোরী এবং তরুণ প্রাপ্তবয়স্ক রোগীদের (সাধারণত 12-25 বছর বয়সী, কিন্তু ক্লিনিকের উপর ভিত্তি করে ভিন্ন হতে পারে) স্বাস্থ্যসেবা এবং সুস্থতার বিষয়ে বিশেষজ্ঞ।

**গোপনীয়তা:** আপনি অনুমতি না দিলে আপনার মেডিকেল তথ্য অন্যদের কাছ থেকে গোপন রাখার অধিকার। 18 বছর এবং এর বেশি বয়সের প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে, এর মধ্যে সব মেডিকেল তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। 18 বছরের কম বয়সী কিশোর-কিশোরীদের ক্ষেত্রে, এর মধ্যে যৌন ও প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত তথ্য এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কিছু তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। কিছু ব্যতিক্রম রয়েছে যখন তথ্য আর গোপন রাখা যায় না, যেমন যদি আপনি নিজেকে অথবা অন্যদেরকে আঘাত করার ঝুঁকিতে থাকেন অথবা কেউ আপনাকে আঘাত করছে এমন হয়। অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে এই ব্যাপারে আরো আলোচনা করতে দ্বিধা করবেন না।

**পারিবারিক স্বাস্থ্যসেবা প্রদানকারী:** একজন সেবা প্রদানকারী যিনি শিশু ও প্রাপ্তবয়স্কদের প্রাইমারি কেয়ার প্রদানের জন্য দেখেন এবং হয়তো ধাত্রীবিদ্যা বিষয়ক ও প্রসূতি সেবাও প্রদান করতে পারেন।

**অভিভাবকত্ব:** একটি শিশু, একজন অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা বুদ্ধিগতভাবে প্রতিবন্ধী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির শিক্ষা, আর্থিক অবস্থা এবং মেডিকেল সেবার ব্যাপারে আইন কোনো ব্যক্তিকে যে অধিকার দিয়ে থাকে।

**স্বাস্থ্যসেবা প্রক্সি:** কোনো ব্যক্তি নিজে সিদ্ধান্ত নিতে না পারলে তার পক্ষ থেকে স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি যে ব্যক্তিকে বেছে নেন।

**ইন্টার্নিস্ট:** একজন সেবা প্রদানকারী যিনি প্রাপ্তবয়স্কদেরকে প্রাইমারি কেয়ার প্রদানের জন্য দেখেন।

**পেডিয়াট্রিশিয়ান:** একজন সেবা প্রদানকারী যিনি শিশুদের প্রাইমারি কেয়ার প্রদানের জন্য দেখেন।

**বহনযোগ্য মেডিকেল সারসংক্ষেপ:** একটি ডকুমেন্ট যা আপনার নতুন সেবা প্রদানকারীর জন্য গুরুত্বপূর্ণ মেডিকেল তথ্যের একটি সারসংক্ষেপ তুলে ধরে। এটি ইলেক্ট্রনিকভাবে এবং/অথবা কাগজের মাধ্যমে স্থানান্তর করা যায়।

**প্র্যাক্টিস:** একটি স্বাস্থ্য কেন্দ্র যেখানে এক বা একাধিক মেডিকেল সেবা প্রদানকারী রোগী দেখেন।

**সুরক্ষিত স্বাস্থ্য তথ্য (Protected Health Information, PHI):** আপনার স্বাস্থ্যসেবা সংক্রান্ত সব তথ্য যেগুলোর গোপনীয়তা রক্ষার জন্য উচ্চ মাত্রার সুরক্ষা ব্যবস্থা রয়েছে। এই ডকুমেন্টগুলো কারো সাথে শেয়ার করার জন্য লিখিত অনুমতির প্রয়োজন হয়। PHI রয়েছে এমন কিছু ডকুমেন্টের উদাহরণ হলো মেডিকেল রেকর্ড, পরীক্ষাগারের রিপোর্ট এবং হাসপাতালের বিল।

**বিশেষজ্ঞ:** এমন একজন সেবা প্রদানকারী যিনি সুনির্দিষ্ট অবস্থার রোগী দেখে থাকেন। এমন বিশেষজ্ঞ রয়েছেন যারা শুধু শিশুদের জন্য সেবা প্রদান করেন, শুধু প্রাপ্তবয়স্কদের জন্য সেবা প্রদান করেন, এবং শিশু ও প্রাপ্তবয়স্ক উভয়ের জন্য সেবা প্রদান করেন।

**সেবা স্থানান্তর:** একজন সেবা প্রদানকারীর কাছ থেকে অন্য একজন সেবা প্রদানকারীর কাছে স্থানান্তরিত হওয়া।

# সংস্থান

**Got Transition (গট ট্রানজিশন):**
সেবা প্রদানকারী, তরুণ এবং পরিবারগুলোর জন্য সেবা স্থানান্তরের সব বিষয় সংক্রান্ত তথ্য নিয়ে একটি সংস্থান কেন্দ্র। www.gottransition.org/

**MyChart:**
NYC Health + Hospitals এর রোগীদের পোর্টাল, আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য অ্যাক্সেস করার সবচেয়ে সুবিধাজনক ও নিরাপদ উপায়।
epicmychart.nychhc.org/mychart

**স্বাস্থ্যসেবা প্রক্সি সংক্রান্ত তথ্য:**
একজন স্বাস্থ্যসেবা প্রক্সির দায়িত্বগুলোর সুস্পষ্ট ব্যাখ্যা এবং ফরমটি কিভাবে পূরণ ও স্বাক্ষর করতে হবে সে সংক্রান্ত নির্দেশনা।
health.ny.gov/publications/1430.pdf

**Youth Health (ইয়ুথ হেলথ) এর ওয়েবসাইট:**
স্বাস্থ্যসেবা সংক্রান্ত অতিরিক্ত সংস্থানসমূহ সম্পর্কে কিশোর-কিশোরীদের জন্য একটি ওয়েবসাইট। www.nycyouthhealth.org

*"তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য স্বাস্থ্য বিমা সংক্রান্ত নির্দেশিকা" এবং "অভিভাবকত্ব সংক্রান্ত নির্দেশিকা" সহ এই পুস্তিকাটি অনলাইনে অ্যাক্সেস করতে আপনার স্মার্টফোন দিয়ে এই QR কোডটি স্ক্যান করুন*

# নোট

# নোট

জীবন সুস্বাস্থ্যে কাটান।

NYC HEALTH + HOSPITALS

NYC YOUNG MEN'S INITIATIVE

*এই পুস্তিকাটি অনলাইনে অ্যাক্সেস করতে আপনার স্মার্টফোন দিয়ে এই QR কোডটি স্ক্যান করুন!*

**সংযুক্ত থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।**

www.nychealthandhospitals.org